এক দফা দাবীতে সিলেটে যুবদলের মিছিল সমাবেশ

ডেস্ক রিপোর্ট : সিলেট মহানগর যুবদলের সভাপতি শাহনেওয়াজ বক্ত চৌধুরী তারেক বলেছেন, আওয়ামী ফ্যাসিস্ট সরকারের পদত্যাগ ও নিরপেক্ষ তত্ত্ববধায়ক সরকার প্রতিষ্ঠার দাবীতে গোটা জাতি আজ ঐক্যবদ্ধ। এই দাবী উপেক্ষা করার সাধ্য আওয়ামীলীগের নেই। এদেশে আর কোন পাতানো নির্বাচনের বাকশালী স্বপ্ন পূরণ হবেনা। দেশকে অনিবার্য সংঘাতের হাত থেকে রক্ষা করতে অবিলম্বে নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুনর্বহালের একদফা দাবী সরকারকে মেনে নিতে হবে। অন্যথায় চলমান এক দফার আন্দোলনে আওয়ামী সরকারের অবৈধ মসনদ ভেসে যাবে। তারা ইতিহাসের আস্তাকুড়ে নিক্ষিপ্ত হবে।

তিনি মঙ্গলবার বিকেলে বিএনপির কেন্দ্রঘোষিত নিরপেক্ষ তত্ত্ববধায়ক সরকার ব্যবস্থা পুনর্বহালের এক দফা দাবীতে সিলেট জেলা ও মহানগর বিএনপি ঘোষিত পদযাত্রা কর্মসূচীতে মিছিল সহকারের যোগদানের প্রাক্কালে মিছিল পূর্ব সংক্ষিপ্ত সমাবেশে উপরোক্ত কথা বলেন। মিছিলটি নগরীর জিন্দাবাজারস্থ পুরানলেন (ডায়বেটিক হাসপাতালের গলি) এর মুখ থেকে শুরু হয়ে নগরীর প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে রেজিস্টারি মাঠে বিএনপির পদযাত্রা পূর্ব সমাবেশে যোগদান করে। মিছিলে সিলেট জেলা ও মহানগর যুবদলের নেতাকর্মী ছাড়াও জেলার ১৩টি উপজেলা, ৫টি পৌর এবং মহানগরীর ২৭টি ওয়ার্ডের বিপুল সংখ্যক নেতাকর্মী উপস্থিত ছিলেন।

জেলা ও মহানগর যুবদলের সাবেক নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন, তোফাজ্জল হোসেন বেলাল, আকতার আহমদ, কবির উদ্দিন, সোহেল মাহমুদ, নজরুল ইসলাম, মিজানূর রহমান নেছার, ওলি চৌধুরী, কয়েস আহমদ, এমদাদুল হক স্বপন, কল্লোল জ্যোতি বিশ্বাস জয়, মাহফুজ চৌধুরী, ফখরুল ইসলাম রুমেল, রায়হান আহমদ, জি এম বাপ্পি, আলী আহমদ আলম, উসমান গনি, মকসুদুল করিম নোহেল, মতিউর রহমান আফজল, এনামুল হক চৌধুরী শামীম, এহতেশামুল হক সবুজ, আমিনুল ইসলাম আমিন, ইছহাক আহমদ ও এস এম পলাশ প্রমূখ। বিজ্ঞপ্তি